

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন, ঢাকা
প্রশাসন শাখা
www.probashi.gov.bd

বিষয়: বাংলাদেশ স্বল্পোন্নত দেশ হতে উত্তরণ উদ্যোগে আগামী ২০-২৫ মার্চ ২০১৮ তারিখ 'সেবা সপ্তাহ' পালনের ধারাবাহিকতায় ২২-৩-২০১৮ তারিখ শোভাযাত্রা সফলভাবে আয়োজনের লক্ষ্যে গঠিত সাব-কমিটির অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি: মোঃ মিজানুর রহমান
যুগ্মসচিব (প্রশাসন), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
তারিখ ও সময়: ১৫-৩-২০১৮; বেলা ৩:০০ ঘটিকা।
সভার স্থান: মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা)।
উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আগামী ২০-২৫ মার্চ ২০১৮ বিশেষ সেবা সপ্তাহ পালনের ধারাবাহিকতায় ২২-৩-২০১৮ তারিখ বেলা ৪:০০ ঘটিকায় (পরিবর্তিত) বাংলা একাডেমি হতে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বর্ণাঢ্য শোভাযাত্রা আয়োজন করা হবে। উক্ত শোভাযাত্রায় এ মন্ত্রণালয়সহ ৯ (নয়) টি মন্ত্রণালয়/বিভাগকে বাংলা একাডেমি ও সংলগ্ন এলাকায় ন্যূনতম পক্ষে ৩:৩০ মিনিটে (বাংলা একাডেমিতে) সমবেত হয়ে বাংলা একাডেমি- দোয়েল চত্বর- আবদুল গণি রোড- জিপিও হয়ে বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামের পশ্চিম গেইট দিয়ে স্টেডিয়ামে প্রবেশ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বর্ণাঢ্য শোভাযাত্রা বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


- (১) আগামী ২২-৩-২০১৮ তারিখ বেলা ২:৪৫ ঘটিকার মধ্যে প্রবাসী কল্যাণ ভবনের সামনে মন্ত্রণালয়, বিএমইটি, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকাস্থ টিটিসিসমূহ, অভিবাসী কর্মীর উন্নয়নে সম্পৃক্ত সকল এনজিও এবং আন্তর্জাতিক সংস্থাসমূহের সকল কর্মকর্তা ও কর্মচারী যৌথভাবে একত্রিত হতে হবে।
- (২) শোভাযাত্রায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়সহ সকল সংস্থার নাম সম্বলিত ব্যানার থাকবে এবং সামগ্রিকভাবে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক ব্যানারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হয়। তবে প্রতি ক্ষেত্রে মন্ত্রণালয়ের নাম থাকবে।
- (৩) শোভাযাত্রার সামনে এবং পিছনে একটি ব্যান্ড পার্টিকে দু'ভাবে বিভক্ত করে ব্যান্ড পার্টির উপস্থিতি নিশ্চিত করার জন্য বোয়েসেল কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।
- (৪) শোভাযাত্রা ২টি সারিতে সন্নিবেশিত থাকবে এবং প্রতি ২০ জন অন্তর অন্তর ১টি প্ল্যাকার্ড বহনের সংস্থান থাকবে বিধায় সর্বমোট ৩০টি প্ল্যাকার্ডের প্রয়োজন হবে এবং প্ল্যাকার্ড সরবরাহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড কর্তৃপক্ষকে অনুরোধ করা হয়।
- (৫) শোভাযাত্রায় অংশগ্রহণকারী প্রায় ৫০০ জনের জন্য সাদা টুপির মধ্যে মন্ত্রণালয়ের নাম ও নির্ধারিত লোগোসহ ৫০০ (পাঁচশত) টুপির ব্যবস্থা করার জন্য বিএমইটি কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।
- (৬) শোভাযাত্রায় অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক নির্ধারিত শ্লোগান ও মন্ত্রণালয়ের অর্জনসমূহ মাইকের মাধ্যমে বারংবার উচ্চারণপূর্বক প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য র্যালী কমিটিকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৭) শোভাযাত্রার স্থির চিত্র ধারণ এবং ভিডিও করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রবাসী কল্যাণ ব্যাংক কর্তৃপক্ষকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- (৮) শোভাযাত্রাটি আকর্ষণীয় করার লক্ষ্যে একটি সুসজ্জিত ভানের উপর ভালো মানের মাইকের ব্যবস্থা গ্রহণের জন্য সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, ঢাকা-কে অনুরোধ জানানো হয়।

২। আর কোন আলোচনা না থাকায় চেয়ারপার্সন কর্তৃক উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/- ১৮/৩/২০১৮
(মোঃ মিজানুর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন)
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ৩। মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
- ৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৬। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ৮। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
- ৯। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ১০। ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল/ প্রবাসী কল্যাণ ব্যাংক।
- ১১। যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৩। উপসচিব (সকল)/ উপপ্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৫। ড. নুরুল ইসলাম, পরিচালক, বিএমইটি।
- ১৬। জনাব ফাতেমা জাহান, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৭। জনাব মোঃ সামছুল ইসলাম, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ১৮। জনাব মোঃ জহিরুল ইসলাম, পরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- ১৯। জনাব নুর আহমেদ, উপব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল।
- ২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২১। সিনিয়র সহকারী সচিব (সকল)/ সিনিয়র সহকারী প্রধান, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২২। সহকারী সচিব (সকল)/ হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
- ২৩। জনাব মোঃ ফরহাদ হোসেন, প্রিন্সিপাল এক্সিকিউটিভ অফিসার, প্রবাসী কল্যাণ ব্যাংক।
- ২৪। জনাব শফিউল আজম আরিফ, অতিথি শিক্ষক, শেখ ফজিলাতুন্নেছা মুজিব কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ২৫। জনাব মোঃ আব্দুল হাই সিদ্দিকী, সিনিয়র ইন্সট্রাক্টর, শেখ ফজিলাতুন্নেছা মুজিব কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা।
- ২৬। জনাব পারভেজ সিদ্দিকী, চেয়ারম্যান, ফিল্মস ফর পিস ফাউন্ডেশন (০১৭৫৩৯৬৫৬৬)।
- ২৭। অধ্যক্ষ, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র/আইএমটি (সকল)।
- ২৮। সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান অফিস, (সকল)।
- ২৯। সহকারী প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


(ফাতেমা জাহান)

উপসচিব (প্রশাসন)

ফোন: ৪৯৩৪৯৩১৪